


সময়ের আলো

ঢাকা • সোমবার • ৭ অক্টোবর ২০১৯ • ২২ আশ্বিন ১৪২৬



মোড়ক উন্মোচন অনুষ্ঠানে ইউজিসি চেয়ারম্যান ইউআইইউর সবুজ ক্যাম্পাস তৈরি বিরল দৃষ্টান্ত

বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান ড. কাজী শহীদুল্লাহ বলেছেন, দেশের অধিকাংশ বেসরকারি বিশ্ববিদ্যালয়ের অবকাঠামো মানসম্মত নয়। সে ক্ষেত্রে ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি (ইউআইইউ) সবুজ ক্যাম্পাস তৈরি করে বিরল দৃষ্টান্ত স্থাপন করেছে। ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির অধ্যাপক ড. আবু সুফিয়ানের 'স্টোকাস্টিক প্রসেসেস অ্যান্ড দেয়ার অ্যাপ্লিকেশনস ইন বিজনেস' শীর্ষক বইয়ের মোড়ক উন্মোচন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। শনিবার দুপুরে ইউআইইউ অভিটোরিয়ামে অনুষ্ঠানটি হয়। এতে সভাপতিত্ব করেন ইউআইইউর উপাচার্য অধ্যাপক ড. চৌধুরী মোফিজুর রহমান। আরও উপস্থিত ছিলেন ইউআইইউ উপউপাচার্য অধ্যাপক ড. হাসনান আহমেদ, বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের উপাচার্যগণ ও শিক্ষকরা।

এই বইয়ের লেখার মূল উদ্দেশ্য হলো, শিক্ষার্থী ও গবেষকদেও দৈব প্রক্রিয়া সম্পর্কে গভীর জ্ঞান ও দৈব প্রক্রিয়া বিশ্লেষণে সহায়তা করা। দৈব প্রক্রিয়া বলতে সম্ভাবনা তত্ত্বের এশটি দৈব ফাংশনকে বোঝানো হয়ে থাকে। অধিকাংশ ক্ষেত্রে যা সময়ের ধারা অথবা কোনো দৈব ক্ষেত্রকে সংজ্ঞায়িত করে থাকে। বিজ্ঞপ্তি।